গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.১৪.০২৬.১৭-৫৫৭

তারিখ : ১১ ভাদ্র ১৪২৫ / ২৬ আগস্ট ২০১৮

বিষয় : ''ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্মাণ'' শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের নিমিত্ত প্রস্তাবিত ''ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্মাণ'' শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভা গত ০৮/০৮/২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন সচিব, সুরক্ষা সেবা বিভাগ। সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৬/০৮/২০১৮
(শিরিন আখতার)
সিনিয়র সহকারী প্রধান
ফোন : ৯৫৬৫৫৭৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

(১) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
(২) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
(৩) মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
(৪) অতিরিক্ত সচিব (বহিরাগমন ও পাসপোর্ট), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৫) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৬) উপপ্রধান, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

(১) সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ জন্য)।
(৩) অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) অফিস কপি।
(৫) মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষাসেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা
www.ssd.gov.bd

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের নিমিত্ত প্রস্তাবিত ''ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্মাণ'' শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী<br>সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ০৮ আগস্ট, ২০১৮ |
| সময় | : | দুপুর ৪.০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক তে উপস্থাপন করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপ্রধান সভাকে অভিহিত করেন যে, ''ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্মাণ'' শীর্ষক প্রকল্পটি বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর হতে সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৩৩৫৪.১৬ লক্ষ টাকা এবং মেয়াদকাল জানুয়ারী ২০১৯ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত। প্রকাল্পটি ২০১৮-২০১৯ অর্থ বছরের এডিপি'তে অননুমোদিত বরাদ্দ বিহীন প্রকল্প হিসাবে অন্তর্ভুক্ত আছে।

০২। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রতিনিধি জনাব মো: শিহাব উদ্দিন খান; পরিচালক (প্র:) সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে প্রকল্পের জন্য জমি অধিগ্রহণের কাজ শুরু হয়েছে, প্রশিক্ষণ কেন্দ্রের জন্য তিন একর ভূমি অধিগ্রহণের পরিকল্পনা রয়েছে । সভাপতি জানান যে, প্রস্তাবিত প্রশিক্ষণ কেন্দ্রের খেলার মাঠসহ খোলামেলা পর্যাপ্ত জায়গা থাকা দরকার । এছাড়া, প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তা /কর্মচারীদের বাসস্থান নির্মাণের বিষয়ও প্রকল্পে অন্তর্ভুক্ত থাকা প্রয়োজন। প্রশিক্ষণ কেন্দ্রর জন্য ৩ একর জমি পর্যাপ্ত নয় মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন। তিনি জমির বিষয়ে মহাপরিচালক এর সাথে আলোচনা করে জমির এলাকা ও পরিমাণ ঠিক করা এবং যথাসম্ভব কৃষি জমি অধিগ্রহণ পরিহার করার নির্দেশনা প্রদান করেন।

০৩। সভাপতি জানান বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রশিক্ষণ কেন্দ্র ঢাকার মধ্যে নির্মাণ করা সমীচীন হবে। এক্ষেত্রে রাজউকের নিকট হতে প্রয়োজন মোতাবেক প্রাতিষ্ঠানিক প্লট প্রাপ্তির জন্য মহাপরিচালক কর্তৃক উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

০৪। আলোচনায় অংশ নিয়ে উপ-প্রধান জানান যে, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের জনবলের তথ্য এবং প্রস্তাবিত প্রশিক্ষণ কেন্দ্রে প্রতিবছর কতজনকে প্রশিক্ষণ প্রদান করা হবে তার তথ্যাদি, বর্তমান প্রশিক্ষণ কার্যক্রম কোথায় এবং কিভাবে পরিচালিত হয় এবং কারা প্রশিক্ষণ প্রদান করবে সেসকল তথ্যাদি, প্রকল্প শেষে রাজস্ব খাতে কতজন কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করা হবে এবং রাজস্ব ব্যয় কত হবে সে সংক্রান্ত তথ্যাদি প্রদান, প্রকল্পের উদ্দেশ্যের মধ্যে ই-পাসপোর্ট এর কারিগরি বিষয়ে প্রশিক্ষণ প্রদান অন্তর্ভুক্ত করা, জনবলের ক্ষেত্রে ১ জন হিসাবরক্ষক অর্ন্তভুক্ত করাসহ ডিপিপিতে জনবল নির্ধারণী কমিটির সুপারিশ অর্ন্তভুক্ত করা প্রয়োজন।

০৫। উপ-প্রধান আরো উল্লেখ করেন যে, ই-পাসপোর্ট প্রকল্পের আওতায় যন্ত্রপাতি ক্রয় করা হবে বিধায় এ খাতের ব্যয় হ্রাস করা এবং যন্ত্রপাতির তালিকা সন্নিবেশ করা, ১০২টি কম্পিউটার এর পরিবর্তে ৮০টি কম্পিউটার এবং ৫টি ল্যাপটপ, ক্যামেরা,মালটিমিডিয়া সহ সার্ভার ক্রয়ের সংস্থান রাখা, অডিটরিয়ামের Interior decoration, ফার্নিচার এবং সাউন্ড সিস্টেমের জন্য বাজেট রাখা, ক্যান্টিনের জন্য হাঁড়ি পাতিল এবং তৈজসপত্র ক্রয়ের জন্য বাজেট রাখা, লাইব্রেরীর বই ক্রয়ের জন্য বাজেট রাখা, আউটডোর খেলার মাঠ তৈরি এবং খেলাধূলার সামগ্রী ক্রয়ের জন্য বাজেটের সংস্থান রাখা, প্রশিক্ষণার্থীদের জন্য ল্যাংগুয়েজ ল্যাব, ভবিষ্যতে প্রশিক্ষণার্থী এবং কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা বিবেচনায় রেখে ২টি ডরমিটরি নির্মাণ করার সংস্থান রাখা, রেসিডেন্সিয়াল বিল্ডিং ৬তলার স্থানে ১০তলা ভিতের উপর ৬তলা ভবন নির্মাণ করা, প্রস্তাবিত ডরমিটরীতে ৪র্থ তলা এবং ৫ম তলায় ৪টির পরিবর্তে ৬টি বেডরুম করা, স্টিয়ারিং কমিটি এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি সঠিকভাবে গঠন করা, নতুন ইকনোমিক কোড ও সাব কোড প্রদান ডিপিপিতে সন্নিবেশ করা প্রয়োজন ।

০৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রশিক্ষণার্থীর সাথে সামঞ্জস্য রেখে ডাইনিং রুমে আসন ব্যবস্থা রাখা এবং প্রস্তাবিত প্রকল্পে একজন সহকারী প্রকল্প পরিচালক/উপ প্রকল্প পরিচালক, সেমিনার রুম, ডে-কেয়ার সেন্টার এবং ১টি বৈদেশিক শিক্ষা সফরের সংস্থান রাখার বিষয়ে সভায় মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

০৭। অত:পর বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(৭.১) প্রস্তাবিত প্রশিক্ষণ কেন্দ্রে খেলার মাঠসহ খোলামেলা পর্যাপ্ত জায়গার সংস্থান রাখা, প্রকল্পের জন্য পূর্বাচল উপশহরে প্রাতিষ্ঠানিক প্লট প্রাপ্তির জন্য মহাপরিচালক কর্তৃক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা;

(৭.২) প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারীদের বাসস্থান নির্মাণসহ কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা বিবেচনায় রেখে ২টি ডরমিটরি নির্মাণের সংস্থান রাখা, রেসিডেন্সিয়াল বিল্ডিং ১০তলা ভিতের উপর ৬তলা ভবন নির্মাণ করা, প্রস্তাবিত ডরমিটরীতে ৪র্থ তলা এবং ৫ম তলায় ৪টির পরিবর্তে ৬টি বেডরুম করা;

(৭.৩) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের জনবলের তথ্য, প্রস্তাবিত প্রশিক্ষণ কেন্দ্রে প্রতিবছর কতজনকে প্রশিক্ষণ প্রদান করা হবে তার তথ্য, বর্তমান প্রশিক্ষণ কার্যক্রম কোথায়, কিভাবে পরিচালিত হয় এবং কারা প্রশিক্ষণ প্রদান করবে সেসকল তথ্যাদি, প্রকল্প শেষে রাজস্ব খাতে কতজন কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করা হবে এবং রাজস্ব ব্যয় কত হবে সে সংক্রান্ত তথ্যাদি ডিপিপিতে প্রদান করা;

(৭.৪) প্রকল্পের উদ্দেশ্যের মধ্যে ই-পাসপোর্ট এর কারিগরি বিষয়ে প্রশিক্ষণ প্রদান অন্তর্ভুক্ত করা;

(৭.৫) প্রস্তাবিত প্রকল্পে একজন সহকারী প্রকল্প পরিচালক/উপ প্রকল্প পরিচালক, ১ জন হিসাবরক্ষক অর্ন্তভুক্ত করাসহ ডিপিপিতে জনবল নির্ধারণী কমিটির সুপারিশ অর্ন্তভুক্ত করা;

(৭.৬) ই-পাসপোর্ট প্রকল্পের আওতায় যন্ত্রপাতি ক্রয় করা হবে বিধায় এ খাতের ব্যয় হ্রাস করাসহ ডিপিপিতে যন্ত্রপাতির তালিকা সন্নিবেশ করা;

(৭.৭) ডিপিপিতে ১০২টি কম্পিউটার এর পরিবর্তে ৮০টি কম্পিউটার, ৫টি ল্যাপটপ, ক্যামেরা,মালটিমিডিয়া, সার্ভার এবং প্রয়োজনীয় অন্যান্য সকল সরঞ্জাম ক্রয়ের সংস্থান রাখা;

(৭.৮) ক্লাসরুম সমুহ ডিজিটাল ক্লাসরুম হিসেবে সৃজন করা;

(৭.৯) অডিটরিয়ামের Interior decoration, ফার্নিচার এবং সাউন্ড সিস্টেম, ক্যান্টিনের জন্য হাঁড়ি পাতিল এবং তৈজসপত্র ক্রয়, লাইব্রেরীর জন্য বই ক্রয়, আউটডোর খেলার মাঠ তৈরি ও খেলাধূলার সামগ্রী ক্রয়ের জন্য বাজেটের সংস্থান রাখা;

(৭.১০) প্রশিক্ষণার্থীদের জন্য ল্যাংগুয়েজ ল্যাব, নিউজ পেপার রুম, কমন রুম, সেমিনার রুম, ডে-কেয়ার সেন্টার ইত্যাদির সংস্থান রাখা;

(৭.১১) স্টিয়ারিং কমিটি এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি সঠিকভাবে গঠন করা;

(৭.১২) নতুন ইকনমিক ও সাব ইকনমিক কোড সংযোজন করা;

(৭.১৩) প্রশিক্ষণার্থীর সাথে সামঞ্জাস্য রেখে ডাইনিং এ সিটের সংস্থান রাখা;

(৭.১৪) একটি পুকুর খনন করা;

(৭.১৫) বৈদেশিক শিক্ষা সফরের জন্য বাজেট রাখা;

(৭.১৬) মুদ্রণ ও হিসাব জনিত ভুলত্রুটি সংশোধন ও ফ্রন্ট সাইজ বড় করে ডিপিপি প্রণয়ন করা।

৮। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৮/১৮

(ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ।